দৈনিক সংবাদ

তারিখ 04 FEB 1995
পৃষ্ঠা   কলাম 2

# কুমিল্লায় ফি বছর ২০ হাজার শিক্ষার্থী মাধ্যমিক-উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নেয় না

।। নূরুর রহমান ।।

কুমিল্লা, ৩রা ফেব্রুয়ারি – কুমিল্লা বোর্ডের এসএসসি ও এইচএসসি পরীক্ষায় তালিকাভুক্ত হবার পরও গড়ে প্রতিবছর ২০ হাজারেরও বেশি ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয় না। এর মধ্যে এসএসসিতে অংশ না নেয়া পরীক্ষার্থীর সংখ্যা গড়ে ১৩ হাজার ১শ' ১০ জন এবং এইচএসসিতে গড়ে ৭ হাজার ৬শ' ৫২ জন।

বোর্ডের ১৯৮৫ থেকে ১৯৯৪ পর্যন্ত পরিসংখ্যান থেকে এ তথ্য জানা গেছে। এতে দেখা গেছে, এই ১০ বছরে এসএসসিতে ১ লাখ ৩১ হাজার ৯৬ জন এবং এইচএসসিতে ৭৬ হাজার ৫শ' ১৯ জন পরীক্ষা দেয়নি। সবচেয়ে বেশিসংখ্যক পরীক্ষার্থী অংশ নেয়নি ১৯৯৩ সালে। ঐ বছর ৬৬ হাজার ৬শ' ৬৫ জন এসএসসি এবং ৪২ হাজার ২শ' ৮২ জন এইচএসসি পরীক্ষায় অংশ নেয়নি। পরীক্ষা না দেয়ার এই প্রবণতা সবচেয়ে কম ছিল এসএসসিতে '৮৭ সালে এবং এইচএসসিতে '৮৮ সালে। এই সংখ্যা ছিল ১৩০ ও ১ হাজার ২শ' ৪৯।

এই ১০ বছরে সালওয়ারী পরীক্ষা না দেয়া পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে ঃ '৮৫তে এসএসসি ৯শ' ৪৭, এইচএসসি ১ হাজার ৪শ' ১৯, '৮৬তে ২ হাজার ৩শ' ৬১ ও ২ হাজার ২৩ জন, '৮৭তে ১৩০ ও ১ হাজার ৪শ' ৭৭ জন, '৮৮তে ১ হাজার ১শ' ৯৫ ও ১ হাজার ২শ' ৪৯ জন, '৮৯ তে ২ হাজার ৬শ' ২৮ ও ১ হাজার ৯শ' ১৮ জন, '৯০–এ ২ হাজার ৫৫ ও ১ হাজার ৬শ' ১ জন, '৯১–এ ৪৭ হাজার ৫শ' ৪১ ও ৩

কুমিল্লা ঃ পৃঃ ৮ কঃ ৮

## কুমিল্লা ঃ পরীক্ষায় অংশ নেয় না

( ১ম পৃষ্ঠার পর )

হাজার ৫শ' ৮৫ জন, '৯২–এ ৫ হাজার ৬শ' ১৯ ও ১৯ হাজার ৬০ জন, '৯৩–এ ৬৬ হাজার ৬শ' ৬৫ ও ৪২ হাজার ২শ' ৮২ এবং '৯৪–এ ১ হাজার ৯শ' ৫৫ ও ১ হাজার ৯শ' ৫ জন।

পরীক্ষায় অংশ না নেয়ার অন্যতম প্রধান কারণ হচ্ছে দারিদ্র্য। পরিবারের আর্থিক দুরবস্থার কারণে পরীক্ষা না দেয়া এসব পরীক্ষার্থীর অধিকাংশকেই লেখাপড়া ছেড়ে রোজগারে নিয়োজিত হতে হয়। মেয়েদের ক্ষেত্রে অবশ্য এটি প্রধান কারণ নয়। তাদের পরীক্ষা না দেয়ার প্রধান কারণ হচ্ছে বিয়ে হয়ে যাওয়া। এছাড়া সামাজিক নিরাপত্তার অভাব ও বখাটেদের উৎপাতের কারণেও অনেক মেয়েকে মাঝপথে লেখাপড়ায় ইতি টানতে হয়। সাক্ষাৎকারমূলক অনুসন্ধানে দেখা গেছেঃ গ্রামের মেয়েরা অষ্টম অথবা নবম শ্রেণীতে ওঠার পরপরই অভিভাবকরা তাদের বিয়ের জন্য ব্যস্ত হয়ে ওঠেন। গ্রামের মেয়েরা বিয়ের পর পরীক্ষা নিয়েছে এমন দৃষ্টান্ত কম। এইচএসসি পরীক্ষা না দেয়ার মধ্যে মেয়েদের সংখ্যাই বেশি।

আর্থিক সঙ্গতি আছে এমন পরিবারের ছেলেরা বিদেশ; বিশেষত সৌদি আরব যাবার সুযোগ পেলে লেখাপড়ায় ইতি টানে।